Prudent management marks the affairs of Dinajpore Bank Ltd.—Hindusthan Standard.

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান,

"দিনাজপুর ব্যাঙ্ক লিঃ"

( সিডিউল্ড ও ক্লিয়ারিং )

হেড অফিস :— ১১, ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ :— জলপাইগুড়ি, রামপুরহাট, রায়গঞ্জ, জঙ্গিপুর, রাজসাহী, দিনাজপুর, পার্ব্বতীপুর, আলিপুর দুয়ার, ভবানীপুর ( কলিকাতা )

স্থায়ী আমানতের বিবরণ স্থানীয় ম্যানেজারের নিকট জ্ঞাতব্য

Managing Director :—J. M. Sen.
Ex. M. L. C.

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মণিগ্রামের প্রসিদ্ধ

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন আবিষ্কৃত

## সোণামুখী

কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৭ই মাঘ বুধবার ১৩৫৪ ইংরাজী 21st Jan. 1948 { ৩২শ সংখ্যা

আপনার

## কম খরচার খাজাঞ্চী

## টাকুরিয়া ব্যাঙ্কিং

## করপোরেশন লিমিটেড

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোন: কলিকাতা ১৭৪৪ টেলিগ্রাম: ষ্ট্রংরুম

শাখাসমূহ

টাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ ), সোনারপুর।

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জ্জি এফ, আর, ই, এস ( লণ্ডন )

## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

## হিন্দুস্থান কো-অপারেটিভ্

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৭ই মাঘ বুধবার সন ১৩৫৪ সাল

# নেতাজী
# সুভাষচন্দ্র বসু

—:o:—

কিঞ্চিদধিক অর্দ্ধ শতাব্দী পূর্ব্বে ২৩শে জানুয়ারী গৌতম গোত্রীয় দক্ষিণ-রাঢ়ীয় কায়স্থ কুলে যে জাতক জন্মগ্রহণ করেন, তিনিই এই পরাধীন দেশে স্বাধীনতা-দেবীকে বীরের মত আবাহন করিবার পন্থা প্রদর্শন করিয়াছেন। যখন তাঁহার নামকরণ হয়, তখনও কেহ ভাবে নাই যে এই শিশু বাংলার মুখোজ্জ্বল করিবেন। নাম হইল—"সুভাষ-চন্দ্র বসু"—নামের প্রথমেও 'সু' (উত্তম) শেষেও 'সু' (উত্তম)। নামের আদ্যান্ত উত্তমার্থ-বোধক শব্দে গঠিত হইল। সুভাষচন্দ্র পঠদ্দশা হইতেই বীরত্বব্যঞ্জক ক্রিয়া কলাপে দেশবাসীকে স্তম্ভিত করিয়া, যখন কৃতবিদ্য হইলেন, বিদ্যার অনুরূপ উচ্চ রাজপদ প্রাপ্ত হইয়াও, পরাধীনতার শৃঙ্খলাবদ্ধ পদমর্য্যাদাকে নিষ্ঠীবনবৎ পরিত্যাগ করিয়া কারাগারের শৃঙ্খলকে বরণ করিলেন। চতুর্দ্দিকে শত্রু-পক্ষের অনুচরগণ কর্ত্তৃক দিবানিশি অবরুদ্ধ থাকিয়াও অবরোধকারীগণের চক্ষে ধূলি নিক্ষেপ করিয়া, স্বর্গাদপি গরীয়সী জননী ও জন্মভূমি উভয়ের নিকট উদ্দেশে বিদায় লইয়া ভারতের মুক্তির পথ আবিষ্কারের জন্য দেশত্যাগ করিলেন। ভারতের বাহিরে ভারতীয় হিন্দু-মুসলমান-শিখ সৈন্য সংগঠন করিয়া, স্বাধীন আজাদ হিন্দ গবর্ণমেণ্ট ও বাহিনী সৃষ্টি করিলেন।

তাঁহার বাহিনী উচ্চ নিনাদে কেবলই ঘোষণা করিত "চলো চলো দিল্লী চলো, লাল কেল্লা তোড় ডালো"। আজ তাঁহার সেই বচন সার্থক হইয়াছে। লাল কেল্লা আজ স্বাধীন ভারতের আয়ত্তাধীন। কিন্তু তিনি আজ কোথায়! কেহ বলে—তিনি যেখানে প্রাধান্য লইয়া স্বাধীনতাকামীদের মধ্যে হিংসা নাই, দ্বেষ নাই, যেখানে সত্যকার শক্তিমান্ মহামানবের সম্মানার্থে দিনেকের অবকাশ দেওয়ার কার্পণ্য নাই, যেখানে তাঁহার নাম ভাঙাইয়া অর্থ-সংগ্রহ করিয়া আত্মসাৎ করার ফন্দী নাই, সেই দেশে চলিয়া গিয়াছেন। কেহ কেহ বলেন—তিনি ইহজগতেই আছেন, যথা সময়ে আবির্ভূত হইবেন। আমরা শেষের উক্তিটীকেই 'খোস খবরের ঝুটাও আচ্ছা" বলিয়া গ্রহণ করার পক্ষপাতী।

যাহাই হউক, পঙ্কে অনেক জিনিস জন্মিলেও "পঙ্কজ" বলিতে যেমন কেবলমাত্র পদ্মকেই বুঝায়, তেমনি দেশে অনেক নেতা থাকা সত্ত্বেও, "নেতাজী" বলিতে কেবলমাত্র বাঙলা মায়ের সুসন্তান সুভাষকেই বুঝায়। তাঁহার জন্ম-দিনে ইহাই প্রত্যেক বাঙালীর সান্ত্বনা।

জয় হিন্দ্! জয় নেতাজী সুভাষচন্দ্র!

---

## রেলভাড়া বৃদ্ধি

গত ১লা জানুয়ারী হইতে ভারতের সকল রেলপথেই সকল শ্রেণীর ট্রেণ-যাত্রীদের ভাড়া বৃদ্ধি পাইয়াছে। পরন্তু, প্যাসেঞ্জার-ট্রেণের ও মেল-ট্রেণ বা এক্সপ্রেস-ট্রেণের ভাড়ায় অনেক বৈষম্য ঘটিয়াছে। প্যাসেঞ্জার-ট্রেণে তৃতীয় শ্রেণীর ভাড়ার হার মাইল-প্রতি ৪ পাই হইল। কিন্তু মেল বা এক্সপ্রেস ট্রেণের তৃতীয় শ্রেণীর ভাড়ার হার ইহার অধিক। পাকিস্থানের ট্রেণ-ভাড়া টাকায় চারি আনা হারে বাড়িয়াছে শুনা যায়। সে যাহাই হউক, দেখা যাইতেছে, দেশের দরিদ্র জনসাধারণ যাহার আশা করিতেছিল, কার্য্যতঃ ঘটিল তাহার বিপরীত। রেলপথে যাতায়াতের কোন সুবিধাই দেশবাসী পাইল না; অথচ রেলভাড়াও বেশী দিতে বাধ্য হইল। নূতন টিকিট এখনও ছাপা হয় নাই; ফলে, ভাড়া বৃদ্ধির অজুহাতে যেখানে যেমন সুবিধা, বেশী করিয়াই আদায় করা হইতেছে, এইরূপ অনুযোগ শুনা যায়। রেল কর্ত্তৃপক্ষ নূতন হারে ভাড়া নির্দ্ধারণ করিয়া সত্বর নূতন টিকিট ছাপাইবার ব্যবস্থা না করিলে, রেলের বুকিং-আপিসগুলিও চোরাবাজারের দোকান হইয়া দাঁড়াইবে।

---

## পূর্ব্বতন সরকারী উপাধি

পূর্ব্বতন গবর্ণমেণ্ট ব্যক্তি বি েষকে যে সমস্ত উপাধি দিয়াছেন, অতঃপর পশ্চিম বঙ্গ গবর্ণমেণ্ট তাহা সরকারী-ভাবে স্বীকার করিবেন না বলিয়া জানা গিয়াছে। প্রকাশ এখন হইতে সরকারী কর্ম্মচারীদের নামের পূর্ব্বে 'শ্রী' লেখা হইবে।

---

## মহাত্মাজীর উপবাস

জগতের মহামানব মহাত্মা গান্ধীজী ৫ দিন উপবাস করিয়া, মুসলমানগণের প্রতি যাহাতে কেহ কোনও বিদ্বেষভাব পোষণ না করে, সেই নিশ্চয়তা পাইয়া উপবাস ভঙ্গ করিয়াছেন। ইহাতে বাহ্য দৃষ্টিতে ভারত ইউনিয়ন অপেক্ষা পাকীস্থান লাভবান হইল—বলিয়া অনেকে মনে করিলেও "ন দেবঃ সৃষ্টি-নাশকঃ" এই বাক্যেই বিশ্বাস করাই ভালো।

---

## "স্বরাজ সঙ্গীত"

প্রতাপচন্দ্র মাইতি কর্ত্তৃক প্রকাশিত "স্বরাজ সঙ্গীত" এবং এম-ব্রাদার্স এণ্ড কোম্পানীর 'এ-সি-এম্' কর্ত্তৃক প্রকাশিত "স্বরাজ সঙ্গীত দ্বিতীয় খণ্ড" নামক পুস্তকের সমস্ত কপি বাজেয়াপ্ত করিয়া যথাক্রমে ১৯৩১ ও ১৯৩২ সালে যে দুইটি বিজ্ঞপ্তি প্রচার করা হইয়াছিল, পশ্চিমবঙ্গ সরকার তাহা বাতিল করিয়া দিয়াছেন।

---

## 'কাকোরী ষড়যন্ত্র' ও 'মন্দিরের ছবি'

পশ্চিমবঙ্গ সরকার "কাকোরী ষড়যন্ত্র" ও "মন্দিরের ছবি" নামক দুইখানি বাঙলা পুস্তকের উপর হইতে নিষেধাজ্ঞা প্রত্যাহার করিয়াছেন। প্রথম পুস্তকখানির উপর ১৯২৯ সালে এবং দ্বিতীয়খানির উপর ১৯২১ সালে নিষেধাজ্ঞা জারি করা হইয়াছিল।

---

## বসন্ত রোগ চিকিৎসার জন্য হাসপাতাল প্রতিষ্ঠা

পশ্চিমবঙ্গ সরকার বসন্ত রোগাক্রান্ত ব্যক্তিদের জন্য ছয় শত শয্যা-সমন্বিত একটি অস্থায়ী হাসপাতাল প্রতিষ্ঠার অনুমতি দিয়াছেন। হাসপাতাল গৃহের জন্য ৪০,৪৩৫্

টাকা, প্রত্যেক শয্যার জন্য সাজ সরঞ্জাম বাবদ ১১০৲ টাকা এবং প্রতি এক শত শয্যার জন্য ঔষধ পত্র বাবদ ২০০০৲ টাকা মঞ্জুর করা হইয়াছে।

---

## প্রকৃতির অদ্ভুত খেয়াল

সাইথিয়া থানার অন্তর্গত দেরিয়াপুর ইউনিয়ন হইতে প্রকৃতির একটি অদ্ভুত খেয়ালের সংবাদ পাওয়া গিয়াছে। প্রকাশ, উক্ত ইউনিয়নের লম্বোদর মালের স্ত্রীর একটি পুত্র সন্তান হইয়াছে। শিশুটি পূর্ণাঙ্গ কিন্তু তাহার বক্ষের ঠিক নিম্নে অপর একটি মাথা তাহার দুইটি সূত্রাকৃতি প্রায় ৮ ইঞ্চি লম্বা পা আছে। প্রসূতি ও নবজাত শিশু উভয়েই সুস্থ, সবল ও জীবিত আছে। 'বীরভূম বার্ত্তা'

---

## নবদ্বীপ জেলার নাম পরিবর্ত্তন

পশ্চিমবঙ্গ সরকার বর্ত্তমান নবদ্বীপ জেলার নাম পরিবর্ত্তন করিয়া নদীয়া জেলা রাখিবার সিদ্ধান্ত করিয়াছেন। নদীয়ার যে অংশ পাকিস্থানের মধ্যে পড়িয়াছে, তাহার কুষ্টিয়া নামকরণ হওয়ায়, পশ্চিম অংশের পূর্ব্বের মত নদীয়া জেলা নামকরণ করা হইয়াছে।

---

## ব্যাঙ্ক হইতে টাকা চুরি

নওগাঁ (রাজসাহী), ২রা জানুয়ারী— বেঙ্গল ব্যাঙ্ক লিমিটেডের স্থানীয় শাখার সিন্দুক হইতে আনুমানিক দেড় লক্ষ টাকা রহস্যজনকভাবে উধাও হইয়াছে। ঘটনায় প্রকাশ যে, স্থানীয় শাখার জনৈক কর্ম্মচারী বেলা ১১টার সময় ব্যাঙ্কের হকেয়া কাজ করিতে আসিয়া বাহিরের লোহার কোলাপসিবল গেট সংলগ্ন তালা ভগ্নাবস্থায় দেখিতে পান ও ঘরের মধ্যে প্রবেশ করিয়া লোহার সিন্দুকটি উন্মুক্ত দেখেন। তৎক্ষণাৎ তিনি ব্যাঙ্কের ম্যানেজারকে ও থানায় খবর দেন। পুলিশ ব্যাঙ্কের কাগজপত্রে নগদ ৮০ হাজার টাকা ও বন্ধকী সোণা ও সোণার গহনার আনুমানিক মূল্য ৭০ হাজার টাকা, মোট দেড় লক্ষ টাকা খোয়া গিয়াছে বলিয়া সাব্যস্ত করেন। তদন্তে আরও প্রকাশ যে, দুষ্কৃতকারীরা বাহিরের তালাগুলি করাত দিয়া কাটিয়া ভিতরে প্রবেশ করে ও সিন্দুকটির অনুরূপ চাবি সংগ্রহ করিয়া টাকাগুলি অপহরণ করে। ইহাও উল্লেখযোগ্য যে, ব্যাঙ্কে এত টাকা থাকা সত্ত্বেও কোন দারোয়ান বা পাহারার ব্যবস্থা ছিল না। এ পর্য্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই। ব্যাপারটি পুলীশ তদন্তাধীনে আছে।

---

# কাগজ ও কাপড়

খাদ্যদ্রব্যের মতই কাপড় এবং কাগজ সভ্য সমাজে একান্ত অপরিহার্য্য। বন্য বর্ব্বর অসভ্য সমাজে ইহার প্রয়োজন না হইতে পারে; কিন্তু গণতন্ত্র শাসনসম্পন্ন স্বাধীন দেশে ইহার অভাব কল্পনার অতীত। দীর্ঘকাল হইতে ভারতবাসী এ দুইটি দ্রব্যের উপর হইতে সরকারী নিয়ন্ত্রণ প্রত্যাহারের দাবী জানাইয়া আসিয়াছে। কর্ত্তৃপক্ষ তাহাতে কর্ণপাত করিতেও চাহেন নাই। বৈদেশিক শাসন-মুক্ত ভারতের শাসন-কর্ত্তৃপক্ষ নিয়ন্ত্রণ প্রত্যাহারের প্রয়োজনীয়তা অস্বীকার করিতে পারেন নাই বটে, কিন্তু তাহার জন্য তাড়াতাড়ির প্রয়োজন অনুভব করেন নাই। বস্ত্রাভাবপীড়িত দরিদ্র জনসাধারণ, বিশেষতঃ লজ্জানিবারণে বিব্রত নারীসম্প্রদায়, সরকারী শাসনের এই নির্ম্মমতা অনুভব করিয়া, দুঃশাসন-নির্য্যাতিতা দ্রৌপদীর ন্যায় ভগবানকে স্মরণ করিয়া অশ্রু বিসর্জ্জন করিতেছে। এই সময়ে ইউনাইটেড প্রেসের সংবাদদাতা নয়াদিল্লী হইতে সংবাদ দিয়াছেন যে, ভারত গবরমেণ্ট খাদ্যদ্রব্য ব্যতীত অন্যান্য পণ্যের কন্‌ট্রোল তুলিয়া দিবার নীতি গ্রহণ করিয়াছেন, এইরূপ শুনা যাইতেছে যে, কাগজ ও সূতী কাপড়ের কন্‌ট্রোল খুব শীঘ্রই প্রত্যাহারের আদেশ ঘোষণা করা হইবে। ইহা অবশ্যই শুভ সংবাদ বটে; কিন্তু আদেশ জারি না হওয়া পর্য্যন্ত বিশ্বাসযোগ্য মনে করিতে ভরসা হয় কৈ!

---

## বজবজে ষ্টিমার আটক

বিনা ছাড়পত্রে প্রচুর পরিমাণ সূতা জাহাজযোগে লওয়া হইতেছে—এই অভিযোগে কলিকাতা পুলিশের এন্‌ফোর্সমেণ্ট বিভাগ গত বুধবার সকালে বজবজের চিতারিগঞ্জ ঘাটে পূর্ব্ববঙ্গের নারায়ণগঞ্জগামী একটি মালবাহী ষ্টিমার আটক করে। জাহাজটি পূর্ব্বদিন কলিকাতার নিমতলা ঘাট হইতে যাত্রা করে। আরও তদন্তের জন্য জাহাজটিকে কলিকাতায় ফিরাইয়া আনা হয়।

---

## নিবেদন

গত ২৯শে পৌষ তারিখের "জঙ্গিপুর সংবাদ" বাহির হয় নাই।

---


## প্রতিমা! প্রতিমা!! প্রতিমা!!!

সর্ব্বপ্রকার দেবদেবীর প্রতিমা আধুনিক ধরণে গড়ান হয়। সরস্বতী প্রতিমা বিক্রয়ের জন্য প্রস্তুত থাকে।

শ্রীরাধারমণ মহান্ত
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)


---

## নোটীশ

এতদ্দারা জানান যাইতেছে যে মুর্শিদাবাদ কালেক্টরীর ৪৮৬ নং তৌজির সামিল ও ১১৫২ নং তৌজির সামিল ও ৫০৬।৫২৩ নং তৌজির সামিল থানা সূতী, রঘুনাথগঞ্জ, সমসেরগঞ্জের অধীন যথাক্রমে মৌজে গাম্ভিরা, হিলোড়া, সিদ্ধিকালী, সেনেড়া, কাটনাই, বালিয়াঘাটী, চাঁদনীদহ প্রভৃতি মৌজা সকলের মধ্যে মানকুণ্ডা এষ্টেটের যে সকল খাস জমি আছে তাহা বর্ত্তমান সন বন্দোবস্ত করা হইবে। বন্দোবস্তপ্রার্থী গ্রাহকগণ জমির দাগ নম্বর পরিমাণাদি যাহা কিছু জানিবার আবশ্যক হয় মহলের কাছারীতে অথবা মানকুণ্ডা সদর কাছারীতে গিয়া সমস্ত অবগত হইতে পারিবেন। ইতি—

শ্রীসুরেন্দ্রনাথ মুখোপাধ্যায়, সদর কর্ম্মচারী
এষ্টেট ৺বাবু যোগেন্দ্রচন্দ্র খাঁর ট্রাষ্টি এষ্টেট মানকুণ্ডা।

---

## চারি ব্যক্তির শোচনীয় মৃত্যু

বীরভূম জেলার ইলামবাজার থানার অন্তর্গত ধনসা গ্রামে চারি ব্যক্তি নিহত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। এক ব্যক্তি রাণীগঞ্জ কয়লা খনি অঞ্চল হইতে প্রত্যাবর্ত্তনকালে একটি বোমা কুড়াইয়া আনে এবং বাড়ী পৌছিয়া উহা বিদীর্ণ করিতে চেষ্টা করে। ইহার ফলে তাহার ও তাহার নিকটে দণ্ডায়মান অপর তিন ব্যক্তির তৎক্ষণাৎ মৃত্যু হয়।

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।



## সুলভ আয়ুর্ব্বেদীয় কুটীর

এই স্থানে আয়ুর্ব্বেদমতে তরুণ ও পুরাতন এবং বহুবিধ জটিল ব্যাধির চিকিৎসা হইয়া থাকে। যাঁহারা অন্যস্থানে চিকিৎসা করাইয়া কোনও ফল পান নাই সেই সব রোগীকে আমার চিকিৎসা পরীক্ষা করিতে অনুরোধ করি।

দি মডার্ণ আয়ুর্ব্বেদিক কার্য্যালয় ও বিদ্যালয়
হইতে উপাধি প্রাপ্ত

কবিরাজ শ্রীবৈদ্যনাথ চক্রবর্ত্তী,
এম, আয়ুর্ব্বেদজ্ঞ
গাঙ্গিন, পোঃ নুরপুর, ( মুর্শিদাবাদ )



## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




### দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত